৫৪

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 17 JAN 1998 ... ...
পৃষ্ঠা ৪ কলাম ৪

প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের উদ্যোগ

# ৫২ হাজার ৫শ' বেসরকারী প্রাইমারী শিক্ষককে প্রশিক্ষণ দেয়া হবে

জনকণ্ঠ রিপোর্ট

প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের জন্য সরকার দেশের অর্ধলক্ষাধিক বেসরকারী প্রাইমারী শিক্ষককে প্রশিক্ষণ দেবার সিদ্ধান্ত নিয়েছে। এ প্রকল্পে ব্যয় হবে ৫৭ কোটি ১৪ লাখ ৫৮ হাজার টাকা। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সভায় সম্প্রতি প্রকল্পটি অনুমোদন লাভ করেছে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

জানা যায়, দেশে ১৯ হাজার ৬শ' ৮৪টি নিবন্ধীকৃত বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এসব বিদ্যালয়ে কর্মরত আছে ৭৮ হাজার ৭শ' ৩৬ জন শিক্ষক। এদের মধ্যে খুবই কমসংখ্যক শিক্ষক সার্টিফিকেট ইন এডুকেশন (সিইনএড) প্রশিক্ষণপ্রাপ্ত। বিদ্যমান ৩ হাজার ২শ' ১৫টি কমিউনিটি বিদ্যালয়ের প্রায় ১০ হাজার ৫শ' শিক্ষকের কোন প্রশিক্ষণ নেই। সদ্যপ্রতিষ্ঠিত দু'শ' স্যাটেলাইট বিদ্যালয়ের ৪শ' ৮ জন শিক্ষককেও প্রশিক্ষণ দেয়া হয়নি।

সূত্র জানায়, স্যাটেলাইট বিদ্যালয় প্রকল্পের আওতায় চার হাজার বিদ্যালয়ে আট হাজার শিক্ষক নিয়োগ দেয়া হবে। নিবিড় জেলা প্রাথমিক শিক্ষা কর্মসূচী প্রকল্পে আট হাজার স্যাটেলাইট বিদ্যালয়ের জন্য নিয়োগ করা হবে আরও ১৬ হাজার শিক্ষক।

প্রাথমিক শিক্ষা অধিদফতরের হিসাব অনুযায়ী দেশে প্রায় ৮০ হাজার বেসরকারী (নিবন্ধীকৃত) প্রাইমারী শিক্ষক এখনও সিইনএড প্রশিক্ষণ পায়নি। এদের মধ্যে বাছাই করে ৫২ হাজার ৫শ' শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণের জন্য প্রাইমারী ট্রেনিং ইনস্টিটিউটসমূহে দু'শিফট চালু করা হবে। পাশাপাশি ব্যবহার করা হবে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

'৯৭ সালের জুলাই মাসে প্রকল্পের কাজ শুরু হবার কথা থাকলেও তা হয়নি। আগামী ২০০২ সালের জুন মাসে প্রকল্পের কাজ শেষ হবে। প্রাথমিক শিক্ষা অধিদফতর প্রকল্পটি বাস্তবায়ন করবে। এটির বাস্তবায়ন প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সুদূরপ্রসারী ভূমিকা রাখবে বলে সরকারের ধারণা।